দৈনিক
ইত্তেফাক

তারিখ ২১ SEP 2017
পৃষ্ঠা ৩ কলাম ১

# প্রতিবন্ধীদের শিক্ষায় দরকার পরিকল্পনা ও সম্মিলিত প্রচেষ্টা

## সেমিনারে বিশেষজ্ঞদের অভিমত

'বিশেষায়িত শিক্ষায় শিক্ষিতদের একীভূত শিক্ষার আওতায় আনা হলে প্রতিকূলতার সম্মুখীন হন সংশ্লিষ্টরা'

■ ইত্তেফাক রিপোর্ট

প্রতিবন্ধী ব্যক্তিদের মূলধারায় সম্পৃক্ত করতে হলে একীভূত শিক্ষার প্রয়োজনীয়তা অনুভব করছেন সংশ্লিষ্ট বিজ্ঞজন। তারা বলেন, বিশেষায়িত শিক্ষাগ্রহণের পর যখন তাদের একীভূত শিক্ষার আওতায় আনা হয় তখন তারা নানা রকম প্রতিকূলতার সম্মুখীন হন। তাদের শুরু থেকে আলাদা শিক্ষা না দিয়ে একই শিক্ষার আওতায় আনা প্রয়োজন। এক্ষেত্রে যে প্রতিবন্ধী শিক্ষার্থীর যতটুকু সহযোগিতা প্রয়োজন তা নিশ্চিত করার আহবান জানান তারা। তারা আরও বলেন, এজন্য জরুরি প্রশিক্ষিত শিক্ষক ও প্রয়োজনীয় উপকরণ। তাই তারা প্রতিবন্ধী ব্যক্তির শিক্ষার জন্য সঠিক পরিকল্পনা সরকারি ও বেসরকারি উন্নয়ন সংস্থার সম্মিলিত প্রচেষ্টা জরুরি বলে উল্লেখ করেন। গতকাল বুধবার জাতীয় প্রেসক্লাবে অনুষ্ঠিত এক জাতীয় সেমিনারে এই সব কথা বলেন তারা।

'প্রতিবন্ধী শিক্ষার্থীদের একীভূত শিক্ষা নিশ্চিতকরণ ও আমাদের করণীয়' শীর্ষক এই সেমিনারের আয়োজন করে ডিজএবল চাইল্ড ফাউন্ডেশন (ডিসিএফ)।

জাতীয় সংসদের প্রাথমিক ও গণশিক্ষা সম্পর্কীয় স্ট্যান্ডিং কমিটির সভাপতি মোতাহার হোসেন এমপির সভাপতিত্বে সেমিনারে প্রধান অতিথি ছিলেন অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী আবদুল মান্নান এমপি। স্বাগত বক্তব্য দেন ডিসিএফ-এর প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালক নাসরিন জাহান। মূলপ্রবন্ধ উপস্থাপন করেন ডিসিএফ-এর ডিএন্ডআইডি থিমেটিক এক্সপার্ট জাহাঙ্গীর আলম।

আবদুল মান্নান এমপি বলেন, সঠিক পরিকল্পনার অভাবে দেশে অনেক টাকার অপচয় হয়। ফলে অমাদের অর্থের অভাব দেখা দেয়। সরকারের অর্থ মন্ত্রণালয়ের কাজ হল অর্থ জোগাড় করা এবং প্রয়োজনের অগ্রাধিকারের ভিত্তিতে তা বিনিয়োগ করা। প্রতিবন্ধীদের জন্য বিনিয়োগ করলে সমাজ উপকৃত হবে। তাই তিনি সংশ্লিষ্টদের প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষার জন্য বাস্তবসম্মত সঠিক পরিকল্প করার আহবান করেন। তিনি বলেন, এই সকল পরিকল্পনা বাস্তবায়ন করার মত অর্থ সরকারের আছে।

মোতাহার হোসেন বলেন, ৬৫ হাজার প্রাথমিক বিদ্যালয়ে সরকার সাড়ে তিন লাখ শিক্ষককে বেতন দেয়। কিন্তু তারা সেভাবে শিক্ষা দিতে পারছেন না। প্রতিবন্ধীর শিক্ষা বিষয়টি তিনি সমাজ কল্যাণ মন্ত্রণালয় সেবা থেকে সরিয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে অন্তর্ভুক্ত করণের কথা বলেন। তিনি বলেন, প্রতিবন্ধীদের অধিকার নিজেদের আদায় করে নিতে হবে।

বক্তারা সকল স্কুলে প্রতিবন্ধীদের শিক্ষার সুযোগ দেওয়ার দাবি ছাড়াও সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের ব্যক্তিদের প্রতিবন্ধীদের বিষয়ে জানা এবং তাদের প্রতি সংবেদনশীল হওয়া প্রয়োজন বলে উল্লেখ করেন। প্রশিক্ষিত প্রতিবন্ধীদের কর্মসংস্থানের কথাও তারা উল্লেখ করেন।